

অতীব জরুরি

আটাব/সার্কুলার/২০২৫/১০৮

১৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

সকল সম্মানিত সদস্য, আটাব।

বিষয়ঃ স্বর্ণ চোরাচালান ও অবৈধ জিনিষপত্র বহনের বিষয়ে সতর্কীকরণ

সূত্রঃ কাস্টমস হাউস নথি নং-৫-কাস-৮(০৩) বিবিধ/পার্ট-৭/২০২৩/৩০৯৮(৫)

সম্মানিত সদস্য,

আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।

ঢাকা কাস্টমস এর প্রাপ্ত তথ্য মোতাবেক, সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে প্রতি বছর বহু যাত্রী পবিত্র হজ্জ ও ওমরাহ পালন করে সৌদি আরব হতে দেশে ফেরত আসেন। বর্তমান সময়ে বিভিন্ন হজ্জ এজেন্সির মোয়াল্লেমগণের মাধ্যমে অবৈধ স্বর্ণ ও পণ্য বহনের প্রমাণ পাওয়া যায়। স্বর্ণ চোরাচালান ও অবৈধ পণ্য বহনে মোয়াল্লেমগণের হজ্জ ও ওমরাহ যাত্রীদের ব্যবহার করেন যা অনভিপ্রেত। এতে করে একদিকে যেমন চোরাচালান বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে হজ্জ এজেন্সির ভাবমূর্তি বিনষ্ট হচ্ছে। স্বর্ণের চোরাচালান ও অবৈধ পণ্য বহন দেশের রাজস্ব ও রেমিটেন্সের জন্য হুমকিস্বরূপ।

এমতাবস্থায়, হজ্জ এজেন্সির প্রতিনিধি, মোয়াল্লেম ও যাত্রীদের স্বর্ণ চোরাচালান ও অবৈধ জিনিষপত্র বহনে বিরত রাখার বিষয়ে সতর্ক করা হ'ল। যদি কোনও হজ্জ এজেন্সির প্রতিনিধি, মোয়াল্লেম ও যাত্রী হতে স্বর্ণ চোরাচালান ও অবৈধ জিনিষপত্র বহনের প্রমাণ পাওয়া যায় তাহলে সরকার তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে এবং আটাব থেকেও সরকারের কাছে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে। অতীব জরুরি বিষয়টি সকলের জ্ঞাতার্থে অবহিত করা হলো।

ধন্যবাদান্তে,

Ahmed Karim

আফসিয়া জান্নাত সালেহ

মহাসচিব

সংযুক্তিঃ কাস্টমস হাউস হতে প্রাপ্ত স্মারক

অনুলিপিঃ

১. সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়।
২. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
কাস্টমস হাউস, ঢাকা।

তারিখ: ১০/০২/২০২৫ খ্রি.

নথি নং-৫-কাস-৮(০৩)বিবিধ/পাট-৭/২০২৩/

প্রেরক:

কমিশনার অব কাস্টমস,
কাস্টমস হাউস, ঢাকা।

প্রাপক:

১। অতিরিক্ত সচিব
হজ্জ অনুবিভাগ, ধর্ম মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সভাপতি
হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)
সাতারা সেন্টার (১৬ তলা),
৩০/এ, নয়াপল্টন, ডিআইপি রোড, ঢাকা-১০০০।

বিষয়: স্বর্ণ চোরাচালান ও অবৈধ জিনিষপত্র বহনের বিষয়ে সতর্কীকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের মাধ্যমে প্রতি বছর বহু যাত্রী পবিত্র হজ্জ ও ওমরা পালন করে সৌদি আরব হতে দেশে ফেরত আসেন। বর্তমান সময়ে বিভিন্ন হজ্জ এজেন্সির মোয়াজ্জেমগণের অবৈধ পরিমাণ স্বর্ণ ও পণ্য বহনের প্রমাণ পাওয়া যায়। এছাড়া স্বর্ণ চোরাচালান ও অবৈধ পণ্য বহনে মোয়াজ্জেমগণ হজ্জ ও ওমরা যাত্রীদের ব্যবহার করেন, যা অনভিপ্রেত। এতে করে একদিকে যেমন চোরাচালান বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে হজ্জ এজেন্সির ভাবমূর্তি বিনষ্ট হচ্ছে। স্বর্ণের চোরাচালান ও অবৈধ পণ্য বহন দেশের রাজস্ব ও রেমিটেন্সের জন্য হুমকিস্বরূপ।
- ৩। এমতাবস্থায়, উক্ত হজ্জ এজেন্সির প্রতিনিধি, মোয়াজ্জেম ও যাত্রীদের স্বর্ণ চোরাচালান ও অবৈধ জিনিষপত্র বহনে বিরত রাখার বিষয়ে সতর্ক করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।
- ৪। স্বর্ণ চোরাচালান প্রতিরোধ ও রাষ্ট্রের রাজস্ব সুরক্ষার স্বার্থে বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

স্বাক্ষরিত

সুমন দাশ

জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমস এর পক্ষে
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর
কাস্টমস হাউস, ঢাকা।

তারিখ: ১১/০২/২০২৫ খ্রি.

নথি নং-৫-কাস-৮(০৩)বিবিধ/পাট-৭/২০২৩/ ৩০৯৮ (০৫)

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। নিবাহী পরিচালক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ২। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্সীস অব বাংলাদেশ (আটাব), সাতারা সেন্টার (১৬ তলা), ৩০/এ, নয়াপল্টন, ডিআইপি রোড, ঢাকা-১০০০।
- ৩। বাংলাদেশ হজ্জ ব্যবস্থাপনা, ধর্ম মন্ত্রণালয়, হজ্জ ক্যাম্প, এয়ারপোর্ট, দক্ষিণখান রোড, ঢাকা-১২৩০।
- ৪। শিফট ইনচার্জ (এ, বি, সি ও ডি শিফট), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টমস হাউস, ঢাকা।
- ৫। পিএ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সুমন দাশ

জয়েন্ট কমিশনার অব কাস্টমস

DVA BCD Shi/ARB. RATUL/Haz Hearing

Received No. ৫৭
Date. 16.02.25 Time.
Signature of Receiver. 

